করোনায় মৃত্যু ডা. রুমির দাফন নিজ গ্রামে

মুজিবনগরে করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করা ডা. রুমির দাফন সম্পূর্ণ করা হয়েছে। শুক্রবার বিকালে মুজিবনগর উপজেলার দারিয়াপুর নিজ গ্রামের কবরস্থানে তার লাশ দাফন করা হয়।

মেহেরপুর জেলা শাখার ইসলামী ফাউন্ডেশনের সদস্যবৃন্দরা তার জানাজা করেন।

এ সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা উক্ত জানাজায় অংশ নেন।

উল্লেখ্য, ডা. রুমি চলতি মাসের ৪ তারিখে করোনায় আক্রান্ত হলে পরদিন ঢাকার সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।সেখানে তিনি কয়েকদিন চিকিৎসাধীন ছিলেন। পরে তার অবস্হার অবনতি ঘটলে ৮ জুলাই বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালের আইসিইউতে নেওয়া হয়।

প্রায় ১৩ দিনের মাথায় তিনি গতরাতে মৃত্যুবরণ করেন।

তিনি মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান দারিয়াপুর গ্রামের বাসিন্দা মৃত আবু ইলিয়াসের ছয় ছেলে এক মেয়ের মধ্যে ডা. রুমি ছিলেন চতুর্থ সন্তান।

তিনি কুষ্টিয়া মেডিকেল কলেজের সার্জারী বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন।

মুজিবনগরের দাদপুর বিল এখন

কৃষকদের মরণফাঁদ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দাদপুর বিলের পানিতে আশেপাশের ১০ থেকে ১২টি গ্রামের জমির ফসল পানিতে ক্ষতিগ্রস্থ হচ্ছে। দাদপুর বিলের স্লুইচ গেট বন্ধ থাকায় স্বাভাবিক উচ্চতার চেয়ে ছয় থেকে সাত ফুট পানির উচ্চতা বেশি হয়েছে।
যে কারণে আশেপাশের গ্রামের ফসলি জমিগুলো ক্ষতির সম্মুখীন হচ্ছে। দু’একদিনের মধ্যে স্লুইচ গেট খুলে না দিলে হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।
খোঁজ নিয়ে জানা গেছে, মহাজনপুর ইউনিয়নের গোপালনগরের পাশ দিয়ে বয়ে গিয়েছে দাদপুর বিল। ১০৯ একর পরিমাণের এ বিলটি গ্রামের মৎস্যজীবীরা দীর্ঘদিন ধরে জেলা প্রশাসনের কাছে থেকে লিজ নিয়ে মাছ চাষ করে আসছিলেন।

কিন্তু গত বছর পূর্বের লিজগ্রহিতাদের না জানিয়ে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস ও মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউপি চেয়ারমান আমাম হোসেন মিলু কোমরপুর গ্রামের অনন্তু হালদার ও নগেন হালাদারকে ক্রমান্বয়ে সভাপতি ও সাধারণ সম্পাদক করে গোপালপুর মৎস্যজীবী সমবায় সমিতি নামের একটি সমিতি গঠন করেন। পরে ওই সমিতির নামে ভ্যাট বাদে ১৫ লাখ ৬২ হাজার ৫০০ টাকায় লিজ গ্রহণ করেন।

আব্দুস সামাদ বাবলু বিশ্বাস মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও আমাম হোসেন মিলু মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। ক্ষমতার বলয়ে থেকে গোপালপুরের সাধারণ মৎস্যজীবীদিদের বঞ্চিত করে তাঁরা বিলটি লিজ নিয়েছেন বলে অভিযোগ গ্রামবাসীর।

কয়েকদিন ধরে অতিবৃষ্টির কারণে বিলটির পানি স্বাভাবিকের থেকে ৬/৭ ফুট উচ্চতা বৃদ্ধি পাওয়ায় আশেপাশের গ্রামের হাজার হাজার বিঘা জমির ফসল পানির নিচে তলিয়ে গেছে। বিলটির প্রবেশমুখে যাদুখালী স্কুল এন্ড কলেজে নিচে কেটি স্লুইচ গেটের মাধ্যমে ভৈরব নদের সাথে পৃথক করা হয়েছে। স্লুইচ গেটটি খুলে দিলে বিলের পানি ভৈরব নদে মিশে গেলে ফসলের ক্ষতি থেকে কৃষকরা মুক্ত হয়। কয়েকদিন ধরে অতিবৃষ্টি হলেও এদিকে ভ্রুক্ষেপ করেননি লিজ গ্রহীতারা।

স্থানীয় চাষী জামিরুল ইসলাম জানান, তিনি দেড় বিঘা জমিতে ধান চাষ

না। বিলটির লিজের সাথে মহাজনপুর ইউনিয়ন চেয়ারম্যান আমাম হোসেন মিলু সরাসরি জড়িত । তার তত্ত্বাবধানে চাষ হচ্ছে।

দাদপুর বিল লিজ নেওয়া গোপালপুর মধ্যপাড়া মৎস্যজীবী সমবায় সমিতির সাধারণ সম্পাদক নগেন হালদার হলেও তার বাড়ি পাশের কোমরপুর গ্রামে। তিনি বলেন, স্লুইচ গেট বন্ধ থাকার কারণে বৃষ্টির পানিতে ফসলের ক্ষতি হয়েছে এটা আমি দেখেছি এবং শুনেছি। আমি দুই চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস ও আমাম হোসেন মিলুকে বলেছি স্লুইচ গেটের পানি ছেড়ে দেওয়ার জন্য।

বিল চাষ সম্পর্কে তিনি বলেন, আমরা কার্যকরি কমিটিতে ২১ জন সদস্য আছি। কতজন শেয়ার আছে আমি বলতে পারবো না। দুই চেয়ারম্যান বাবলু বিশ্বাস ও মিলুর মাধ্যমে আমরা দাদপুর বিলে মাছ চাষ করছি। আমি এ ছাড়া আর কিছু বলতে পারবো না।

মহাজনপুর ইউপি চেয়ারম্যান বিলের লিজ গ্রহণের কথা অস্বীকার করে বলেন, সার্কুলারের মাধ্যমে একটি মৎস্যজীবী সমিতি লিজ নিয়ে চাষ করছে। অতিবৃষ্টির কারণে কিছু ফসলি জমি ডুবে গেছে জানার পর স্লুইচ গেট খোলার জন্য মিস্ত্রি নিয়ে এসে কাজ করানো হচ্ছে।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: মাসুদুল আলম জানান, স্লুইচ গেট বন্ধ থাকায় আবাদি জমি প্লাবিত হয়েছে এটা শুনেছি। আজকের উপজেলা পরিষদের মিটিংয়ে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বিশ্বাসকে পানি ছাড়ার ব্যবস্থার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা উসমান গনি জানান, কৃষকদের অভিযোগ পাওয়ার পর আমি সরেজমিনে পরিদর্শন করেছি। পানি জমে থাকার কারণে বহু জমির ফসল ক্ষতিগ্রস্থ হচ্ছে। দু’একদিনের মধ্যে স্লুইচ গেট খুলে না দেওয়া হলে ফসলের ব্যাপক ক্ষতি হবে। পাঁচটি গেটের মধ্যে তিনটি গেট যে কোন উপায়ে খুলতেই হবে। গেট খুলতে মিস্ত্রিরা কাজ করছে। আমি বিষয়টি তদারকি করছি।

লাদাখে সত্যিই পিছিয়েছে চীনা সেনা? ১০ দিনে খতিয়ে দেখবে ভারত

লাদাখে সত্যিই কতটা পিছিয়ে গেল চীনা সেনা? আগামী ১০ দিন ধরে তা খতিয়ে দেখবে ভারত। চীনের তৈরি বাঙ্কার, তাঁবু ও অন্যান্য নির্মাণ কতটা চীনা বাহিনী সরিয়ে নিয়েছে, তা খতিয়ে দেখ ভারতীয় সেনা।

চীন ও ভারতের মধ্যে পরবর্তী সেনা কমান্ডার স্তরের বৈঠকের আগে এই বিষয়টি পর্যালোচনা করে দেখতে ভারত।

জুলাই মাসের শুরু থেকেই লাদাখের প্যাংগং লেকের ধার থেকে পিছাতে শুরু করেছে চীন। এই পিছিয়ে যাওয়ার কাজ সম্পূর্ণ বৃহস্পতিবার ভারতীয় সেনার তরফে একটি অফিসিয়াল বিবৃতি প্রকাশ করে জানানো হয়, ‘ভারত ও চীন সেনা প্রত্যাহারের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। ধাপে ধাপে এই প্রক্রিয়া সম্পন্ন হবে এবং বিভিন্ন স্তরে ভেরিফিকেশনের প্রয়োজন পড়বে।’

এর পরেই ভারতীয় সেনার ১৪ কর্পস কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল হরিন্দর সিং এবং চীনের সাউথ জিনজিয়াং মিলিটারি ডিস্ট্রিক্ট চিফ মেজর জেনারেন লিউ লিনের মধ্যে পঞ্চম দফার বৈঠক হবে। এই বৈঠকের পরই চীনের পুরোপুরি পিছিয়ে যাওয়ার কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে।

ভারতীয় সেনা বাহিনীর এক বিশেষ সূত্রে জানানো হয়েছে, ‘পিপলস লিবারেশন আর্মি গত ১৪ জুলাই চতুর্থ দফার বৈঠকের পরেই প্যাংগং এবং গোগরা-হট স্প্রিং এলাকা থেকে পিছিয়ে যাওয়ার বিষয়ে ইচ্ছে প্রকাশ করে। তবে রাজনৈতিক-সেনা হায়ারার্কি এর সঙ্গে জড়িত। তাই কাজে কতটা ফলপ্রসু হয় সেদিকেই এখন আমাদের নজর রয়েছে।’

বৃহস্পতিবার ভারতীয় সেনার তরফে একটি অফিসিয়াল বিবৃতি প্রকাশ করে জানানো হয়, ‘ভারত ও চীন সেনা প্রত্যাহারের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। ধাপে ধাপে এই প্রক্রিয়া সম্পন্ন হবে এবং বিভিন্ন স্তরে ভেরিফিকেশনের প্রয়োজন পড়বে।’ ১৪ জুলাই দুই দেশের বৈঠকের ফল কী হল, তা নিয়ে কাটাছেঁড়া করতে উচ্চ ক্ষমতাসম্পন্ন চায়না স্টাডি গ্র◌ুপ আলোচনায় বসে। এই গ্র◌ুপে আছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা

অজিত দোভাল, পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর এবং সেনা প্রধান জেনারেল এমএম নারাভানে। এই গ্র◌ুপের আলোচনার পরেই এই বিবৃতি প্রকাশ করা হয়।

ভারত চায় চীনা সেনা যেন অন্তত আট কিলোমিটার পিছিয়ে যায়। ফিংগার ৮ পর্যন্ত যাতে চীন পিছিয়ে যায় তেমনই চেষ্টা করছে ভারত। ভারতীয় সেনাও পশ্চিম দিকে ফিংগার ২ এবং ফিংগার ৩ পর্যন্ত পিছিয়ে গিয়েছে। ভারতীয় সেনাকে পেট্রলিং পয়েন্ট ১০, ১১, ১২ এবং ১৩-র দিকে যেতে যে ভাবে চীনা সেনা বারবার বাধা দিচ্ছে, সেটাও ভারতের পক্ষে চিন্তার বিষয়। এই পেট্রলিং পয়েন্ট ১০, ১১, ১২ এবং ১৩ ডেপসাং প্লেইন নামে পরিচিত। গালওয়ানের উত্তরে এই এলাকা টেবিলের মাথার মতো দেখতে। ভারত চায় ডেপসাং এলাকায় দুই দেশের সেনা একে অন্যের পেট্রোলিং-এ বাধা দেবে না।

সূত্র: এইসময়।

‘হামি কি এতই ফকির হয়া গেছি, টাকা হামি ফেরায় দিব’

‘হামি কি এতই ফকির হয়া গেছি যে হামার অনন্ত জলিলের টাকা দিয়া চলতি লাগবে? হামি তার সিনেমায় কাজ করব না, তার টাকা হামি ফেরায় দিব, হামাকে তো টাকার কথা কয়া অপমান করবার পারবার নাই।’ কথাগুলো বলছিলেন সোশ্যাল মিডিয়ার মাধ্যমে জনপ্রিয়তা পাওয়া আশরাফুল আলম ওরফে হিরো আলম।

অনন্ত জলিল ক’দিন আগেই ঢাকঢোল পিটিয়ে ঘোষণা দিলেন, হিরো আলমকে তার ছবিতে একটি গুরুত্বপূর্ণ চরিত্রে নিয়েছেন। বিষয়টি বেশ আলোচনার জন্ম দেয়। এছাড়া চলচ্চিত্র সমিতিতে অনন্ত জলিল যেদিন পাঁচ লাখ টাকা দেন, সেদিনও নতুন লুকে দেখা যায় হিরো আলমকে। কিন্তু গতকাল বৃহস্পতিবার হিরো আলমকে ফোন দিয়ে জানিয়ে দিলেন-তিনি তার ছবি থেকে বাদ।

এ বিষয়ে অনন্ত জলিল তার ফেসবুকে লিখেছেন, ‘আমি হিরো আলমকে নিয়ে

কোনো সিনেমা বানাব না এবং ৫০ হাজার টাকা সাইনিং মানি ফেরত নেব না! বেশির ভাগ বিনোদন সাংবাদিক এবং চলচ্চিত্র পরিবারের সব গুণীজন হিরো আলমকে নিয়ে সিনেমা না বানানোর জন্য আপত্তি জানাচ্ছেন। এবং রিসেন্টলি তার কিছু অশ্লীল ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে সবাই আবারও আমাকে নিষেধ করেছেন তাকে নিয়ে সিনেমা না বানানোর।’

তবে হিরো আলম দাবি করেন, তাকে নিয়ে বিতর্কের বিষয়ে মাথা ঘামান না। এসব মাথায় রেখেই তিনি আলমকে চলচ্চিত্রে নিয়েছেন। আজ হুট করে কেন এমন সিদ্ধান্ত নিয়েছেন? ফেসবুকে হিরো আলম বিষয়টিকে ‘ষড়যন্ত্রের শিকার’ বলে উল্লেখ করেন। এছাড়া অনন্ত জলিলকে উদ্দেশ্য করে হিরো আলম ফেসবুক লাইভে বলেন, আমাকে শুধু ব্যবহার করাই হয়েছে। তবে এসব নিয়ে মাথা ঘামাই না। হামি নিজের প্রযোজনায় ছবি বানাব, সেটা যত ছোটই হোক, আপনারা আমার পাশে থাকলে হামি পারমো।

সূত্র- বিডি-প্রতিদিন

করোনা কাড়ল আরও ৫১ জনের প্রাণ, শনাক্ত ৩০৩৪

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৫১ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ২ হাজার ৫৪৭ জন কোভিড রোগী মারা গেলেন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

কুষ্টিয়ায় করোনায় শিক্ষকের মৃত্যু

কুষ্টিয়া মিরপুরের হালসা কলেজের সহকারী অধ্যাপক মোজাহার আলী
(৫৫) করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন।

হালসা কলেজের সহকারী অধ্যাপক মোজাহার আলী ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

মিরপুরের হালসা কলেজের সহকারী অধ্যাপক মোজাহার আলীর ছেলে অনিক মাহমুদ জানান, গত সপ্তাহে বাবার শরীরে একটু জ্বর অনুভব হয়। তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হলে ঢাকায় রেফার করা হয়। আজ ভোরের দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বাবার মৃত্যু হয় বলে জানান তিনি।

করোনায় আক্রান্ত বড় ভাই, কোয়ারেন্টাইনে সৌরভ গাঙ্গুলি

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ভারতীয় ক্রিকেট বোর্ডের প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলির বড় স্নেহাশিষ গাঙ্গুলি।

বুধবার ক্রিকেট অ্যাসোসিয়েশন অব বেঙ্গলের (সিএবি) যুগ্ম সচিব স্নেহাশিষ গাঙ্গুলির শরীরে মিলেছে প্রাণঘাতী করোনাভাইরাসের উপস্থিতি।

গত কয়েকদিন ধরেই জ্বর ছিল স্নেহাশিসের। ৯৯-১০০ ডিগ্রি ফারেনহাইট থাকছিল তাপমাত্রা। বুধবার তার লালারস পরীক্ষা করা হয়। রাতের দিকে তার রিপোর্ট পজিটিভ আসে। তারপর তাকে ভর্তি করা হয় এক হাসপাতালে। ফের তার লালারসের নমুনা পরীক্ষা করে দেখা হবে।
এদিকে বড় ভাইয়ের করোনা ধরা পড়ার পর সৌরভ গাঙ্গুলি নিজেকে বন্দী করেছেন হোম কোয়ারেন্টাইনে।

গত ৮ জুলাই জন্মদিন ছিল সৌরভের। সেখানে পরিবারের সকল সদস্যই ছিলেন উপস্থিত। দেখা হচ্ছে, সম্প্রতি স্নেহাশিস কাদের সংস্পর্শে এসেছেন, সেটাও। এদিকে, শুক্রবার বোর্ডের অ্যাপেক্স কাউন্সিলের বৈঠক রয়েছে। সেখানে বোর্ড প্রেসিডেন্ট সৌরভ সম্ভবত বাড়ি থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যোগ দেবেন।

এর আগে স্নেহাশিসের স্ত্রী ও তার মা করোনায় আক্রান্ত হয়েছিলেন। তখন স্নেহাশিসেরও করোনা আক্রান্ত হওয়ার খবর ছড়িয়ে পড়েছিল। কিন্তু সেই খবরকে উড়িয়ে দিয়েছিলেন খোদ স্নেহাশিস। তবে এবার তার রিপোর্ট এল পজিটিভ।

সূত্র – বিডি প্রতিদিন

রিয়ালের শিরোপা জয়ের দিনে হেরেই গেল বার্সা

এক ম্যাচ হাতে রেখেই স্প্যানিশ ফুটবল লিগের শিরোপা জিতল রিয়াল মাদ্রিদ। লিগের ৩৭তম রাউন্ডের ম্যাচে ভিয়ারিয়ালকে ২-১ গোলে হারিয়ে শিরোপা জয় নিশ্চিত করেছে জিনেদিন জিদানের শিষ্যরা। এটি রিয়ালের ৩৪তম লিগ শিরোপা। দুই মৌসুম পর আবারও শিরোপা পুনরুদ্ধার করলো গ্যালাকটিকোরা।

এদিকে, একই সময়ে লিগের অন্য ম্যাচে ওসাসুনার কাছে ২-১ গোলে হেরে গেছে বার্সেলোনা। ক্যাম্প নউয়ে শেষ সময়ের গোলে নাটকীয় জয় পেয়েছে ওসাসুনা। বৃহস্পতিবার (১৬ জুলাই) দিনগত রাতে ক্যাম্প নউয়ে ম্যাচের শুরু থেকেই বার্সাকে চেপে ধরে ওসাসুনা।

আক্রমণাত্মক ফুটবলের ফল দ্রুতই পায় দলটি। ধারে খেলতে আসা দুই খেলোয়াড়ের নৈপুণ্যে ষোড়শ মিনিটে এগিয়ে যায় সফরকারীরা। ডিফেন্ডার এস্তুপিনানের ক্রস থেকে বল পেয়ে ডান পায়ের শটে বল জালে জড়ান সাবেক বার্সা মিডফিল্ডার হোসে আরনাইস।
বিরতির পর সমতায় ফেরে কাতালানরা। ৬২ মিনিটে ফ্রি-কিক থেকে অসাধারণ এক গোল করে বার্সেলোনাকে ১-১ গোলে সমতায় ফেরান বার্সা

অধিনায়ক।

৭৭ মিনিটে বিপদে পড়ে ওসাসুনা। ফাউল করায় ওসাসুনার এনরিক গ্যালিগোকে ভিডিও রেফারি সহায়তা নিয়ে লাল কার্ড দেখান রেফারি। ১০ জনের দলে পরিনত হয় ওসাসুনা। এরপর যোগ করা সময়ে এনরিকে বারহার দারুণ ক্রসে আবার ওসাসুনাকে এগিয়ে নেন রবের্তো তরেস।

এই পরাজয়ে দ্বিতীয় স্থানে থাকা বার্সেলোনার পয়েন্ট ৩৭ ম্যাচে
৭৯। আর সমান ম্যাচে শিরোপা নিশ্চিত করা রিয়ালের পয়েন্ট ৮৬।

সূত্র – বিডি প্রতিদিন

করোনা আক্রান্ত হয়ে মুজিবনগরের কৃতিসন্তান ডা. রুমির মৃত্যু

করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন মুজিবনগরের কৃতি সন্তান ডা: রুমি। শুক্রবার রাত তিনটায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি।

ডা. রুমি মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের কৃতি সন্তান এবং কুষ্টিয়া মেডিকেল কলেজের সার্জারী বিভাগের সহকারী অধ্যাপক।

জানা গেছে,তিনি চলতি মাসের ৪ তারিখে করোনায় আক্রান্ত হয়ে চিকিৎসাধীন ছিলেন। ১৩ দিনের দিনির মাথায় তিনি মৃত্যুবরন করেন। মরদেহ ঢাকা থেকে আজ দুপুর নাগাদ তাঁর নিজগ্রাম দারিয়াপুরে পৌঁছালে সেখানেই সমাহিত করা হবে।
ডা. রুমির অকাল মৃত্যুতে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে গভীর শোক ও পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হলো।

[redacted]

[redacted]